দৈনিক জনকণ্ঠ

তারিখ ২৭ NOV 2017 পৃষ্ঠা ৩ কলাম ২

# দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় এগিয়ে আসতে হবে ॥ নাহিদ

**স্টাফ রিপোর্টার ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় সবাইকে এগিয়ে আসতে হবে। তাদের জন্য সুযোগ তৈরি করতে হবে। জাকাতের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান এক্ষেত্রে একটি চমৎকার উদ্যোগ। ধর্মীয় দায়িত্ব পালনের পাশাপাশি তা দেশ ও জাতির কল্যাণে কাজে লাগবে।

রবিবার রাজধানীর কাকরাইলে বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে 'সিজেডএম জিনিয়াস স্কলারশিপ এওয়ার্ড প্রদান অনুষ্ঠানে' প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সেন্টার ফর জাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) এ অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের নতুন প্রজন্মকে প্রস্তুত করে তুলতে হবে। এজন্য বিজ্ঞান ও কারিগরি শিক্ষায় অধিকতর জোর দেয়া হচ্ছে। শিক্ষার মূল লক্ষ্য নতুন প্রজন্মকে আধুনিক উন্নত বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তোলা। তারা বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব দেবে। দক্ষতা অর্জনের পাশাপশি তাদের নৈতিক মূল্যবোধসম্পন্ন ভাল মানুষ হতে হবে। তিনি আরও বলেন, সারা পৃথিবীতে দক্ষ জনশক্তির প্রয়োজনীয়তা রয়েছে। আমাদের তরুণরা মেধার দিক থেকে কোন অংশে কম নয়। এজন্য তাদের এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে তারা প্রতিযোগিতার মাধ্যমে বিশ্বে জায়গা করে নিতে পারে।